



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

কলেজ কোড: জাতীয় বিশ্ববিদ্যালয়: ৪০২১, চট্টগ্রাম শিকা বোর্ড: ৩৫২৫, ইআইআইএন: ১০৪৮৪৪
Website: www.ranguniacollege.edu.bd / Email: info@ranguniacollege.edu.bd



নং- ২০২৪/০১২৭

তারিখঃ ০৬/১১/২০২৪ খ্রি.

২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

কলেজের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। অগ্রহী পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) লিংক-এ ক্লিক করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে উক্ত প্রিন্ট কলেজ অফিসে প্রদর্শন পূর্বক বকেয়া টাকার রসিদ সংগ্রহ করতে হবে। গৃহীত রসিদের মাধ্যমে আগামী ২৮/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা করে, উক্ত রসিদ নিম্নলিখিত সম্মানিত পরীক্ষা কমিটির সদস্যদের প্রদর্শন করে নামের পাশে উল্লিখিত তারিখের মধ্যে আবেদন ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

সম্মানিত পরীক্ষা কমিটি নিম্নরূপঃ

ক্র.নং	পরীক্ষা কমিটি সদস্যের নাম	বিভাগ	পূরণকৃত ফরম জমা দেয়ার শেষ তারিখ
০১	জনাব বিশ্বজিৎ রায় চৌধুরী, প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	বিএ, বিএসএস,	২৮/১১/২০২৪ খ্রি. পর্যন্ত
০২	জনাব মোঃ জাহেদুল আলম, প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ	বিএসসি, বিবিএস	
০৩	জনাব মোহাম্মদ এরশাদুল মোস্তফা, প্রভাষক, ইংরেজি বিভাগ		

পরীক্ষার্থীদের করণীয়ঃ

১. পরীক্ষার্থীগণ আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করার সময় সঠিকভাবে বিষয়কোড লিখতে হবে। ভুল বিষয়কোড পূরণের জন্য ছাত্র-ছাত্রী নিজেই দায়ী থাকবে।

২. পূরণকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০২ কপি রসিদ ছবি আটা দিয়ে লাগাতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিত:

i) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত):

i) ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল পরীক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted- C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।


iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকসহ নৈবচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

গ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা:

i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্র C ও D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

উল্লিখিত তারিখের মধ্যে ফরম জমা দিতে বার্থ হলে, পরীক্ষায় অংশ গ্রহণে সৃষ্ট যেকোন জটিলতার জন্য কেবল মাত্র শিক্ষার্থীরাই দায়ী থাকবে। কলেজ কর্তৃপক্ষকে কোনরূপ দায়ী করা যাবে না।


প্রফেসর শেখ মুজিবুর রহমান
আইডি নং- ৯৫২৬
অধ্যক্ষ

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

প্রফেসর শেখ মুজিবুর রহমান
আইডি নং- ৯৫২৬
অধ্যক্ষ
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

স্বাক্ষরিতঃ

- উপাধ্যক্ষ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- জনাব বিশ্বজিৎ রায় চৌধুরী, প্রভাষক, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- জনাব মোঃ জাহেদুল আলম, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- জনাব মোহাম্মদ এরশাদুল মোস্তফা, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- হিসাবরক্ষক, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- কম্পিউটার অপারেটর, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- অফিস নথি।